

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.cca.gov.bd



ভূমিকাঃ

ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয় প্রতিষ্ঠালগ্ন থেকে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল স্বাক্ষর চালুকরণে অত্যন্ত জোরালো ভূমিকা পালন করে যাচ্ছে। ১৮ এপ্রিল ২০১২ সালে রুট কী জেনারেশন সিরিমনির মাধ্যমে দেশে ডিজিটাল স্বাক্ষর চালুকরণের অন্যতম ধাপ সম্পন্ন করে মূল কার্যক্রমে যায় সিসিএ কার্যালয়।

নিরাপদ তথ্য প্রযুক্তির বিকাশ এই ভিশন এবং ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট প্রবর্তনের মাধ্যমে নিরাপদ তথ্য আদান প্রদান নিশ্চিতকরণ এবং সাইবার অপরাধ দূরীকরণে জাতীয় ও আঞ্চলিক যৌথ উদ্যোগ প্রতিষ্ঠা-এ মিশন সামনে রেখে এই কার্যালয় কাজ করে যাচ্ছে। ২০১১ সালে ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রকের কার্যালয় (সিসিএ) হতে ৬ টি প্রতিষ্ঠানকে সার্টিফায়িং অথরিটি (সিএ) লাইসেন্স প্রদান করা হয় যারা গ্রাহক পর্যায়ে ডিজিটাল স্বাক্ষর ইস্যু করে থাকেন।

২০২০-২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনাঃ

সিসিএ কার্যালয়ের ২০২০-২১ অর্থ বছরে গৃহীত উদ্ভাবন কার্যক্রম হচ্ছে “সিএ লাইসেন্স ডিস্ট্রিবিউশন সিস্টেম সফটওয়্যার” চালুকরণ। এটির দ্রুত বাস্তবায়নে সিসিএ ইনোভেশন টিম নিরলস পরিশ্রম করে যাচ্ছে।


প্রেক্ষাপটঃ

নির্দিষ্ট সময় অন্তর অন্তর লাইসেন্স প্রাপ্ত সিএসমূহের লাইসেন্স নবায়ন করতে হয়। এছাড়া নতুন করে কেউ সিএ লাইসেন্স এর আবেদন করলে তাঁকে অফলাইনে আবেদন করতে হয়। এছাড়াও কোন সিএ তাদের লাইসেন্স বাতিল করতে চাইলে অফলাইনে আবেদন করতে হয়। গৃহীত উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়ন শেষে সিএরা লাইসেন্স এর আবেদন, বাতিল, নবায়ন ইত্যাদি কার্যক্রম সম্পূর্ণ অনলাইনে করতে পারবেন। এর ফলে সময়, অর্থ এবং সেবার মান আশানুরূপ বৃদ্ধি পাবে বলে বিশ্বাস। এছাড়াও, এই সফটওয়্যারের মাধ্যমে বার্ষিক অডিট রিপোর্ট সাবমিশন করা যাবে সকল প্রকার গোপনীয়তা রক্ষা করেই।

গৃহীত উদ্ভাবনের অগ্রগতিঃ


সিসিএ কার্যালয় তাদের ২০২০-২১ অর্থ বছরের উদ্ভাবন কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন করেছে।

<http://123.49.38.94:8080/cca/> এই আইপি এড্রেসে গেলেই সিসিএ-এর নব উদ্ভাবিত সেবাটি পাওয়া যাবে।



এছাড়াও সিসিএ কার্যালয়ের ওয়েব সাইটে এপস/ই-সার্ভিস মেন্যুর “CA License Distribution System Software” থেকেও এই সেবাটি পাওয়া যাবে।

এই সেবাটি গ্রহণ করার জন্য প্রথমেই “Create an Account” এ গিয়ে একটি একাউন্ট তৈরি করতে হবে।



উক্ত “Create an Account”এ ক্লিক করলে নিম্নোক্ত ফরম আসবে এবং সেটি পূরন করে সেবাটি পেতে পারেন।

Personal information

Full Name Designation

Fathers Name Mothers Name

SELECT YOUR GENDER Date of Birth

Nationality Website

National Identity Number Taxpayer Identification Number

Trade License Number VAT Number

Please upload profile picture Upload Please upload signature image Upload

SELECT YOUR ROLE SELECT YOUR ORGANIZATION

যেহেতু এই সফটওয়্যারটির মাধ্যমে সিএ-লাইসেন্স এর আবেদন, বাতিল, নবায়ন ইত্যাদি কার্যক্রম করা যাবে তাই আবেদনের সময় বুল (সিএ, সিসিএ প্রতিনিধি, অডিটর ইত্যাদি) বাছাই করে নিতে হবে।

সিএ সেবা সহজীকরণঃ

এই সফটওয়্যারের মাধ্যমে সিএ প্রতিষ্ঠানসমূহ তাদের সিএ লাইসেন্স নবায়ন, বাতিল এর আবেদন করতে পারবে। এছাড়া নতুন করে কেউ সিএ লাইসেন্স পেতে চাইলে আবেদন করতে পারবেন এই পোর্টালের মাধ্যমে। আবেদন প্রক্রিয়া শেষে সিসিএ-এর কর্মকর্তাদের কাছে স্বয়ংক্রিয়ভাবে আবেদনটি চলে যাবে। এছাড়া নোটিশ বোর্ডের মাধ্যমে বিভিন্ন সময় প্রয়োজনীয় হালনাগাদ তথ্য পেতে পারবেন অংশীজনগণ। এই পোর্টালে আছে যেকোন প্রয়োজনে যোগাযোগ করার জন্য ই-মেইল এবং টেলিফোন নম্বর।

সিসিএ প্রতিনিধির ভূমিকাঃ

সিসিএ প্রতিনিধি সিএ আবেদন, বাতিল, নবায়ন ইত্যাদি ফরম দেখে সঠিক মর্মে প্রতীয়মান হলে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করতে পারবেন তাঁর উর্ধতন কর্মকর্তাকে। এভাবে সিসিএ-এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তার দ্বারা যাচাই-বাছাই সম্পন্ন হওয়ার পর সিএ-এর সকল তথ্য প্রমাণাদি সঠিক থাকলে চাহিদাকৃত সেবা পাবেন। প্রয়োজনীয় প্রমাণাদি না থাকলে সিসিএ এর যে কোন পর্যায়ের কর্মকর্তার দ্বারা আবেদনকৃত সেবা টি প্রত্যাখান করতে পারবেন।

অডিটর-এর ভূমিকাঃ

সিসিএ-এর সিপিএস (CPS-Certificate Practice Statement) অনুযায়ী প্রতি অর্থ বছরে অডিট সম্পন্ন করতে হয়। সিসিএ-এর করা প্যানেলভুক্ত অডিটর দ্বারা সিএ-রা তাদের অডিট সম্পন্ন করেবেন এবং অডিট শেষে অডিটর, অডিট রিপোর্ট সিএ এবং সিসিএ বরাবর প্রেরণের বাধ্যবাধ্যকতা আছে। অডিটর তাঁর অডিট সম্পন্ন করে এই পোর্টালের মাধ্যমে অডিট সম্পন্ন করে রিপোর্ট সাবমিট করতে পারবেন। এবং অডিটরের প্রেরিত রিপোর্ট অনুযায়ী সিসিএ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

এটিই সিসিএ কার্যালয়ের ২০২০-২১ অর্থ বছরের উদ্ভাবন কার্যক্রম। সিসিএ ইনোভেশন টিম তাদের কর্মদক্ষতার দ্বারা ইতোমধ্যেই উদ্ভাবন কার্যক্রমটি সম্পাদন করেছেন।